সংবাদ

তারিখ SEP 19 2006
পৃষ্ঠা ১২ কলাম ৪

চবি ভর্তি ফরমের বর্ধিত মূল্য প্রত্যাহার দাবি

# চট্টগ্রামে ব্যাংক অবরোধ লাঠিচার্জে আহত ২০

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ভর্তি ফি প্রত্যাহারের দাবিতে গতকাল চবি প্রগতিশীল ছাত্রজোটের ব্যাংক অবরোধ চলাকালে ব্যাপক লাঠিচার্জ করেছে পুলিশ। এতে জোটের ২০ নেতাকর্মী গুরুতর আহত

হন। এ সময় পুলিশ ১১ জোট নেতাকর্মীকে গ্রেফতার করে। নগরীর নিউমার্কেট এবং আগ্রাবাদের অগ্রণী ব্যাংক শাখায় এ অবরোধ কর্মসূচি পালন করছে জোট নেতাকর্মীরা। গত সোমবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০০৬-০৭ শিক্ষাবর্ষের ভর্তি ফরম বিতরণ শুরু

গতকাল বিকেল ৩টায় নিউমার্কেট চ... থেকে চবি প্রগতিশীল ছাত্রজোটের উদ্যো... প্রতিবাদ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়।

অন্যবারের তুলনায় এবার ভর্তি ফর... দাম আড়াইশ টাকা থেকে ৫০ টাকা বাড়ি... ৩শ টাকা করা হয়। শুরু থেকেই ...

ব্যাংক : অবরোধ

(১২ পৃষ্ঠার পর)

প্রগতিশীল ছাত্রজোট এর প্রতিবাদ করে আসছিল। পরে তারা কঠোর কর্মসূচি হিসেবে ব্যাংক অবরোধ কর্মসূচির ডাক দেয়। এদিকে চবি প্রশাসন জোটের সব প্রতিবাদ উপেক্ষা করে গত রোববার থেকে চবি, চকবাজার, নিউমার্কেট এবং আগ্রাবাদে অগ্রণী ব্যাংক শাখা থেকে এ ভর্তি ফরম বিতরণ শুরু করে। তারই ধারাবাহিকতায় গতকাল বুধবারও চবি প্রগতিশীল ছাত্রজোট নিউমার্কেট এবং আগ্রাবাদে অগ্রণী ব্যাংক শাখায় অবরোধ কর্মসূচি পালন করছিল।

গতকাল ব্যাংক অবরোধ চলাকালে সকাল ১১টার দিকে একদল পুলিশ হঠাৎ করে জোট নেতাকর্মীদের ওপর বেধড়ক লাঠিচার্জ শুরু করে। পুলিশের লাঠিচার্জে ছাত্র ফ্রন্ট সভাপতি কাঞ্চন সরকার, জুলি, মুক্তা ভট্টাচার্য, মেজবাহ, ফাহিম, ছাত্র ইউনিয়ন সভাপতি কামরুল ইসলাম, সাধারণ সম্পাদক মন্টি বৈষ্ণব, ছাত্র ফেডারেশনের ফাহিম, সৌরভসহ ২০ নেতাকর্মী গুরুতর আহত হন। পরে পুলিশ ছাত্র ইউনিয়ন সভাপতি কাঞ্চন সরকারসহ ১১ জনকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। গ্রেফতারকৃতরা হলেন- কলিন চাকমা, মুক্তা, জুলি, মেজবাহ, সাইফুদ্দিন, রুদ্র, অমিত, মনিকা, ফাহিম ও সৌরভ।

জোট নেতাকর্মীদের গ্রেফতারের প্রতিবাদে বিকেল ৩টায় চবি প্রগতিশীল ছাত্র জোটের উদ্যোগে নগরীর নিউমার্কেট চত্বরে এক প্রতিবাদ সভা ও মিছিল অনুষ্ঠিত হয়। ছাত্র ফেডারেশন সভাপতি জেসাল উদ্দিনের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক মন্টি বৈষ্ণব, ছাত্র ফ্রন্টের সহ-সভাপতি মনিদীপা ভট্টাচার্য, সাধারণ সম্পাদক জমির উদ্দিন রাসেল প্রমুখ। সভায় নেতারা এ পুলিশি হামলা এবং গ্রেফতারের তীব্র নিন্দা জানান। তারা অবিলম্বে বর্ধিত ভর্তি ফি কমিয়ে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য চবি উপাচার্য প্রফেসর ড. এম বদিউল আলমের প্রতি আহ্বান জানান। সভা শেষে এক বিক্ষোভ মিছিল নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে আবার নিউমার্কেট চত্বরে এসে শেষ হয়। এদিকে বিকেল ৪টায় গ্রেফতারকৃতদের নগরীর কোতোয়ালি থানা থেকে মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয়।